

# **Minister of State for External Affairs represents India as Special Envoy of the Prime Minister at the inauguration ceremony of the President of the Philippines**

July 01, 2022

## **মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ দৃত হিসেবে ভারতের বিদেশ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী ফিলিপিন্সের রাষ্ট্রপতির উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিনিধিত্ব করেছেন**

জুলাই 01, 2022

ফিলিপিন্স সরকারের আমন্ত্রণে ভারতের বিদেশ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী (এমওএস) ডক্টর রঞ্জন সিংহ মহামান্য ফার্দিনান্দ আর মারকোস জুনিয়ারের ফিলিপিন্সের রাষ্ট্রপতি হিসেবে দায়িত্বভার গ্রহণের উদ্বোধনী অনুষ্ঠানে 30 জুন অংশগ্রহণ করেছেন। বিদেশ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর বিশেষ দৃত হিসেবে তিনি উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

১ জুলাই সৌজন্যমূলক আলাপ চলাকালীন এমওএস রাষ্ট্রপতি মারকোসকে ভারতের মহামান্য রাষ্ট্রপতির অভিনন্দন পত্র দেন। চিঠিতে রাষ্ট্রপতি কোবিল রাষ্ট্রপতি মারকোসকে ফিলিপিন্সের রাষ্ট্রপতির পদ গ্রহণের জন্য অভিনন্দন জ্ঞাপন করেন এবং রাষ্ট্রপতি মারকোসের নেতৃত্বে ভারত ও ফিলিপিন্সের মধ্যে থাকা অংশীদারিস্থের সম্পর্ক আরো বিস্তৃত ও শক্তিশালী হবে বলে আশ্চর্য প্রকাশ করেন।

সৌজন্যমূলক সাক্ষাৎ চলাকালীন এমওএস দ্বিপাক্ষিক সম্পর্কের সাম্প্রতিক গতিপ্রবণতা নিয়ে মন্তব্য করেন এবং নতুন সরকারের সাথে কাজ করার অঙ্গীকার পুনরায় ব্যক্ত করেন। ফিলিপিন্সের নতুন সরকারের আমলে নিজ নিজ আকাঙ্খা এবং নিরাপত্তার লক্ষ্যগুলি বজায় রেখে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো গভীর করার কথাও তিনি বলেন।

সফর চলাকালীন এমওএস ফিলিপিন্সের ভারতীয় গোষ্ঠীর প্রতিনিধিদের সাথেও সাক্ষাৎ করেন। .

**ম্যানিলা**  
**জুলাই 01, 2022**

**DISCLAIMER:** This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.